



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা।
www.eedmoe.gov.bd



স্মারক নং: ৩৭.০৭.০০০০.০১৯.৩৩.০০১.২০-১৯৭৩

তারিখ: ১৫/১১/২০২০খ্রি.

বিষয়: সার্কেল ও জেলা অফিসসমূহে ই-নথি বাস্তবায়নের লক্ষ্যে ইউজার আইডি তৈরি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে রূপকল্প ২০২১ বাস্তবায়ন এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারি দপ্তরসমূহে ই-নথির ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। এ ছাড়া মুজিব বর্ষ উপলক্ষ্যে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক গৃহীত বিশেষ কর্মসূচিসমূহের মধ্যে মাঠ পর্যায়ের সকল অফিসে ই-নথি সিস্টেমে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন অর্ন্তভুক্ত রয়েছে। এ লক্ষ্যে আগামী নভেম্বর ২০২০ এর মধ্যে সার্কেল ও জেলা অফিসসমূহে ইউজারগণের প্রশিক্ষণ সম্পন্ন করে ডিসেম্বর ২০২০ এর মধ্যে ই-নথি কার্যক্রম চালু করতে হবে। তাই ই-নথি সিস্টেমে সার্কেল ও জেলা অফিসসমূহে দাপ্তরিক কাজ বাস্তবায়নের লক্ষ্যে ইউজার আইডি তৈরি করা আবশ্যিক।

২। বর্ণিত অবস্থায়, আগামী ২০ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের কার্যালয়সমূহের সাথে যোগাযোগ করে তাঁর দপ্তরের অর্গানোগ্রাম ও কার্যকর অফিস সেট-আপ অনুযায়ী সকল কর্মকর্তা ও কর্মচারীর ইউজার আইডি তৈরি করার জন্য অনুরোধ করা হলো।

৩। বিষয়টি অতি জরুরি।

বিতরণ:

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, সকল সার্কেল
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।

২। নির্বাহী প্রকৌশলী,
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সকল জেলা
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।

১১.১১.২০২০
(বুলবুল আখতার)

প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)

ফোন: ০২-৯৫৬২৮৫৬

ই-মেইল: ce@eedmoe.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

- ০১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক (সকল)। [পত্রে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ]
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। অফিস কপি।